




বাংলাদেশ কৃষিব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী।
Email: crmrajbari@krishibank.org.bd



বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী গণশুনানি ও ফিডব্যাক কমিটির সভায়
মতামত ও গৃহীত সিদ্ধান্ত।

COVID-19 সংক্রমণ রোধকল্পে স্বাস্থ্যবিধি
পরিপালন সর্বোচ্চ অগ্রাধিকার

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চলের গণশুনানি ও ফিডব্যাক চতুর্থ ত্রৈমাসিক সভা অদ্য ২৮-০৬-২০২১ ইং তারিখ রোজ সোমবার বিকাল ৪.০০ ঘটিকার সময় মুখ্য আঞ্চলিক কার্যালয়ে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সকল সদস্য, রাজবাড়ী শাখার ব্যবস্থাপক, একজন ঋণ গ্রহীতা ও একজন হিসাবধারীর উপস্থিতিতে সভায় সভাপতিত্ব করেন মোহাঃ আতিকুর রহমান, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত গণশুনানি ও ফিডব্যাক চতুর্থ ত্রৈমাসিক সভায় আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়/কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।


সিদ্ধান্তঃ

ক) বিকেবি, রাজবাড়ী শাখার সম্মানিত হিসাবধারী জনাব মোঃ ইসলাম শেখ বলেন আমি একজন কৃষক। বাংলাদেশ কৃষি ব্যাংকের সাথে আমি বহু বছর ধরে লেনদেন করে আসছি। দেশে অনেক ব্যাংক আছে তবে দেশের সাধারণ মানুষের সেবা দানে একমাত্র কৃষি ব্যাংকই সবার উপরে তাই কৃষি ব্যাংক ছেড়ে যেতে পারিনা। আমি সবসময় কৃষি ব্যাংকের উন্নতি কামনা করি ;


খ) বিকেবি, রাজবাড়ী শাখার সম্মানিত সিসি ঋণ গ্রহীতা জনাব মোঃ আঃ রাজ্জাক (রাজা) বলেন শাখার ঋণ বিতরণের কার্যক্রমে আমি খুবই সন্তুষ্ট। ১৯৮৬ সাল হতে কৃষি ব্যাংকের সাথে লেনদেন করে আসছি। বর্তমানে আমার সিসি ঋণের পরিমাণ ১০.০০ (লক্ষ) টাকা। শাখার ডেকোরেশন আর উন্নত করলে ভাল হয় এবং শাখার গ্রাহক চেয়ার প্রায় সবগুলোই ভাংগা। শাখার সকল কর্মকর্তা খুবই ভাল তাদের সেবার মান অনেক ভাল। সিসি ঋণ গ্রহীতাদের সাথে ব্যাংক থেকে সব সময় তদারকি করলে ভাল হয়। গ্রাহক সেবা পেতে কোন রকম হয়রানির সম্মুখীন হতে হয় না। শাখার সার্বিক কার্যক্রম ও পরিবেশ ভাল; এবং

গ) বিকেবি, রাজবাড়ী শাখার ব্যবস্থাপক জনাব দেবশীষ ঘোষ জানান আমার দায়িত্ব গ্রহণ কালে শাখায় যে পরিমাণ আমানত ও ঋণের স্থিতি ছিল তার থেকে এখন অনেক বৃদ্ধি পেয়েছে। শুধুমাত্র সেবার মান বৃদ্ধি হওয়ায় এটা সন্তুষ্ট হয়েছে একইসাথে সকল শাখা অনলাইন হওয়ায় এবং আরটিজিএস সুবিধা চালু হওয়ায় বর্তমানে নগদ তহবিল ঘাটতি কমে গেছে। শাখার আসবাবপত্র গুলোর অবস্থা খুবই খারাপ, কম্পিউটার সরঞ্জামের অনেক ঘাটতি রয়েছে। এগুলো দ্রুত সমাধান করা প্রয়োজন তাহলে শাখার সার্বিক বিষয়াদি আর উন্নত হবে; এবং


ঘ) অত্র মুখ্য অঞ্চলের মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক জনাব মোহাঃ আতিকুর রহমান বলেন যেহেতু এটা একটি রাষ্ট্রীয় প্রতিষ্ঠান তাই আমাদের অনেক বাধ্যবাধকতা রয়েছে যা আমরা ইচ্ছা করলেও পারি না। তবে আশাকরি ব্যাংকের নির্বাহীগণ আপনাদের মতামতকে প্রাধান্য দিবেন এবং ব্যাংকের সার্বিক পরিবেশ আরো উন্নত হবে তবে বিষয়টি সময় স্বাপেক্ষ। তিনি বলেন এখন থেকে আরটিজিএস ও অনলাইন চার্জ ফ্রি করা হয়েছে এটা আমাদের কৃষি ব্যাংকের জন্য অনেক ভাল একটি খবর। সর্বশেষ উপস্থিত সকলকেই ধন্যবাদ জ্ঞানিয়ে সভার কার্যক্রম মূলতবি ঘোষণা করেন।


মোঃ নিয়ামত উল্লাহ


সদস্য, আঞ্চলিক নৈতিকতা
কমিটি
ও
উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা


মোঃ মিজানুর রহমান

সদস্য, আঞ্চলিক নৈতিকতা
কমিটি
ও
কর্মকর্তা


মোঃ মাসুদুল হক

সদস্য, আঞ্চলিক নৈতিকতা
কমিটি
ও
কর্মকর্তা


মোঃ হাফিজুর রহমান

সদস্য সচিব আঞ্চলিক নৈতিকতা
কমিটি
ও
উঃ কর্মকর্তা


মোহাঃ আতিকুর রহমান

আঞ্চলিক, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-০১ ও ০২ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (প্রশাসন মহাবিভাগ), বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
- ০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, রাজবাড়ী।
- ০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চল, রাজবাড়ী।
- ০৯। অফিস নথি।